

## নওগাঁর মহাদেবপুর থেকে ৪০০ গ্রাম হেরোইন উদ্ধার; আটক ২ জন



০১/১১/২০১২ ইং তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজশাহী উপ-অঞ্চলাধীন মহাদেবপুর সার্কেলের পরিদর্শক মোহাম্মদ মনিরুজ্জামান এর নেতৃত্বে একটি টিম নওগাঁ জেলার মহাদেবপুর থানাধীন রানীপুকুর নামক স্থানে রাজশাহী টু নওগাঁগামী পাকা রাস্তার উপর চৌবাড়ীয়া টু নওগাঁ গামী নওগাঁ ট্রাভেলস নামক যাত্রীবাহী বাস তল্লাশী করে চাঁপাইনবাবগঞ্জ জেলার সুন্দরপুর বাগডাঙ্গা গ্রামের মোঃ আব্দুল ছাত্তার এর ছেলে হেরোইন ব্যবসায়ী মোঃ তরিকুল ইসলাম (২৮), ও রাজশাহী জেলার গোদাগাড়ী থানার দিয়ারমানিকচক এর মোঃ শৈয়বুর রহমান এর ছেলে হেরোইন ব্যবসায়ী মোঃ ইস্রাফিলকে (৩৫) কে গ্রেফতার করেন। তাদের দেহ তল্লাশী করে তাদের পায়ে পরিহিত রাবারের স্যাভেলের ভিতর বিশেষ কায়দায় লুকায়িত অবস্থায়

প্রতিটি স্যাভেলে ১০০ (একশত) গ্রাম করে চারটি স্যাভেলে সর্বমোট ৪০০ (চারশত) গ্রাম হেরোইন উদ্ধার করেন। জিজ্ঞাসাবাদে তারা জানান যে, হেরোইনের প্যাকেটগুলো ভরত হতে গোদাগাড়ী থানার দিয়ার মানিকচক গ্রামে তাদেরকে দিয়ে যায়। সেগুলো তারা নিজেরাই স্যাভেলের মধ্যে লুকিয়ে নওগাঁ হয়ে বগুড়া দিয়ে ঢাকায় নিয়ে যাচ্ছিল। এ বিষয়ে মহাদেবপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯(১) এর ১ (খ) ধারায় একটি নিয়মিত মাদকের মামলা দায়ের করা হয়েছে। মামলা নং- ৪, তারিখ : ০১/১১/২০১৩ ইং।

মোহাম্মদ মনিরুজ্জামান  
পরিদর্শক  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
মহাদেবপুর সার্কেল, নওগাঁ।